

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৪২.১৩-১৫৮

তারিখঃ ২৫/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্র : টিএসসি/গৌরী/স্টোর/১৬-১৭/৩, তারিখ: ২১/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ক) ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি/সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- খ) ৪৮৩৪-খেলার সামগ্রী উপধাতে কোন তালিকা সংযুক্ত করা হয়নি।
- গ) ৪৮৯৯-অন্যান্য ব্যয় উপধাতে কোন তালিকা সংযুক্ত করা হয়নি।
- ঘ) ৪৯০৬-আসবাবপত্র মেরামত, ৪৯১১-কম্পিউটার ও অফিস সরঞ্জাম, ৪৯১৬-যন্ত্রপাতি ও সরঞ্জাম এবং ৪৯৯১-অন্যান্য মেরামত ও সংরক্ষণ উপধাতে কোন তালিকা সংযুক্ত করা হয়নি।
- ঙ) ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপধাতের আওতায় সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় অধিকাংশ টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি এবং সম্পদ সংগ্রহ/ক্রয় উপধাতে যন্ত্রপাতি/সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব না করে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ এবং অন্যান্য মালামাল ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- চ) ৬৮২০-উপধাতে শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য প্রস্তাব না করে যন্ত্রপাতি (IP ক্যামেরা) ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ছ) সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় ০১(এক)টি কোম্পানির নাম উল্লেখ করা হয়েছে যা বিধি সম্মত নয়।
- জ) সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর ব্যতীত শুধুমাত্র অধ্যক্ষের একক স্বাক্ষর রয়েছে।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে জ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রয়পূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


২৫.১০.২০১৬
(মোঃ মিজানুর রহমান)

যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)

ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ

গৌরীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ

গৌরীপুর।

অনুলিপি :

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।